# 2016

# BENGALI

**(Modern Indian Language)**

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three Hours and *Fifteen Minutes**

***(*15 minutes are given as extra time for reading questions)***

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## Unit : 1 (Prose)

### 'ক' গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১, ২, ৩ নং প্রশ্নের প্রত্যেকটির **তিনটি** করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।

১। গুরুচরণ কৃষ্ণনগর হইতে বাড়ি ফিরিয়া দেখিলেন ....' — গুরুচরণ কৃষ্ণনগর গিয়েছিলেন — ১

(ক) হেডমাস্টার মশায়ের কন্যার বিবাহ উপলক্ষে।

(খ) বিশ্বকর্মা পূজা উপলক্ষে।

(গ) হরিচরণের বিরুদ্ধে মামলা করতে।

২। 'ডারউইন লক্ষ করেছিলেন, সাদা বেড়ালের নীল চোখ থাকলে সে কালা হয়।' — ডারউইন উদ্ভাবিত মতবাদের নাম — ১

(ক) গতিবাদ।

(খ) বিবর্তনবাদ।

(গ) বস্তুতন্ত্রবাদ।

৩। 'মানুষের মন' গল্পের লেখক বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম — ১

(ক) কালকূট।

(খ) বনফুল।

(গ) যাযাবর।

৪। "আর 'কমলাকান্তের দপ্তর' পড়িলেও কিছু উপকার হইতে পারে...." — 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের লেখক কে ? ১

৫। Scientific mentality – এই বহু প্রচলিত ইংরেজি সংজ্ঞাটিকে বাংলায় কী বলা যেতে পারে ? ১

৬। ১৯৭৯ খ্রিঃ রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছে ? ১

৭। ষ্টেনলি হলের মতে কোন সময়টি জীবনের জটিলতম এবং সঙ্কটপূর্ণ সময় ? ১

৮। 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।' —

'বিড়াল' প্রবন্ধে উল্লিখিত এই প্রবচনটির অর্থ লেখ। ২

৯। 'মানুষের মন' গল্পের নরেশ ও পরেশ দু'জনই এম. এ. পাশ। কে কোন বিষয়ে এম. এ. পাশ করেছিলেন ? ২

১০। 'মূল্যবোধ বলকে কী বোঝায় ? ২

১১। 'তাঁহার অপরিসীম স্বধর্ম-নিষ্ঠা, চরিত্রের দৃঢ়তা এবং অবিচলিত সাধুতার সম্মুখে সকলেই সসম্ভ্রমে মাথা নত করিত।" — কার সম্পর্কে এ কথাগুলি বলা হয়েছে ? সংক্ষেপে তাঁর চরিত্র বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৩

১২। " বিজ্ঞাপন কেমন পরোক্ষভাবে মানুষের বিচারশক্তি নষ্ট করে তার একটি অদ্ভুত দৃষ্টান্ত দিচ্ছি।" — 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে উল্লিখিত এই দৃষ্টান্তটি তোমার নিজের ভাষায় লেখ। ৩

১৩। 'সামাজিক মূল্যবোধের' বৈশিষ্ট্য আলোচনা কর। ৩

১৪। কৈশোরকালের উপযোগী শিক্ষা দেবার জন্য ১৯৫২-৫৩ সালে মাধ্যমিক শিক্ষায় কোন তিনটি বিষয়ে গুরুত্ব দেওয়া হয়েছিল ? ৩

১৫। 'বিড়াল' প্রবন্ধে' বিড়ালকে দরিদ্র সমাজের প্রতিনিধি হিসাবে দেখিয়ে লেখক দরিদ্র সমাজের অবস্থা কী ভাবে বর্ণনা করেছেন ? ৫

## Unit : 2 (Poetry)

### 'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নং প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।

১৬। 'সাম্যবাদী' কবিতাটি প্রথম প্রকাশিত হয় — ১

(ক) ধূমকেতু প্রত্রিকায়।

(খ) লাঙল পত্রিকায়।

(গ) ভারতী পত্রিকায়।

১৭। 'বেহুলাও একদিন গাঙুড়ের জলে ভেলা নিয়ে' — বেহুলা — ১

(ক) সায়বেনের কন্যা।

(খ) চাঁদসদাগরের কন্যা।

(গ) ধনপতি সদাগরের কন্যা।

১৮। শূন্যস্থান পূর্ণ কর ঃ

'অপমানে হতে হবে ______ সবার সমান।' ১

১৯। 'এই মাঠে হ'ল মেষের রাখাল নবীরা খোদার মিতা।'

— 'নবী' শব্দের অর্থ কী ? ১

২০। 'এই গাঁয়ের এক চাষার ছেলে, লম্বা মাথার চুল',

— ছেলেটির নাম কী ? ১

২১। 'এই হৃদয়ই সে নীলাচল, কাশী, মথুরা, বৃন্দাবন',

— কাশীর অন্য নাম বারাণসী কেন ? ২

২২। 'মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে'

— চম্পা নগরের পরিচয় দাও। ২

২৩। 'আখড়াতে তার বাঁশের লাঠি অনেক মানে মানী',

— 'আখড়া' শব্দের দু'টি অর্থ। অর্থ দু'টি লেখ। ২

২৪। 'কনফুসিয়াস ? চার্বাক চেলা ? ব'লে যাও, বলো আরো।'

টীকা লিখ ঃ কনফুসিয়াস। ৩

২৫। 'ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়'

— কে ইন্দ্রের সভায় নেচেছিল ? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে সে নেচেছিল ? ৩

২৬। 'জনম কালো, মরণ কালো, কালো ভুবনময় ;'

— তাৎপর্য বিশ্লেষণ কর। ৩

২৭। 'দুর্ভাগা দেশ' কবিতায় কবির সমাজচিন্তা ও প্রগতিবাদী দৃষ্টিভঙ্গীর যে পরিচয় পাওয়া যায়, তা লিপিবদ্ধ কর। ৫

## Unit : 3 (Reading)

## 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর লেখ ঃ

বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাগীতি। এর মধ্যে অষ্টম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত বাংলা ভাষার পরিচয় মেলে। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল রাজদরবার থেকে ১৯০৭ খ্রিঃ অনেকগুলি পুথির সঙ্গে চর্যাপদের পুথিটি আবিষ্কার করেন। তাঁর এই আবিষ্কার কলম্বাসের আমেরিকা আবিষ্কারের মতো বাংলা সাহিত্যের ইতিহাসে বিশেষ তাৎপর্যপূর্ণ। কারণ চর্যাপদ আবিষ্কৃত হওয়ার পূর্বে শূন্যপুরাণ, ডাক ও খনার বচন প্রভৃতি রচনাকে প্রাচীন বাংলা সাহিত্যের নিদর্শন রূপে

গণ্য করা হত। হরপ্রসাদ শাস্ত্রী নেপালে প্রাপ্ত পুথিগুলিকে একত্রে 'হাজার বছরের পুরান বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা' নামে ১৯১৬ খ্রিঃ গ্রন্থাকারে প্রকাশ করেন। প্রকাশক — কলকাতার বিশিষ্ট সারস্বত প্রতিষ্ঠান 'বঙ্গীয় সাহিত্য পরিষৎ'। গ্রন্থটি প্রকাশের সঙ্গে সঙ্গে বিদগ্ধ সমাজে সাড়া পড়ে যায়। ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডঃ মুহম্মদ শহীদুল্লাহ, ডঃ সুকুমার সেন প্রমুখ নিদর্শনগুলি নিয়ে গবেষণা শুরু করেন। তাঁদের গবেষণায় স্থিরীকৃত হয় গ্রন্থভুক্ত নিদর্শনগুলির মধ্যে একমাত্র চর্যাপদই প্রাচীন বাংলায় লিখিত ; অন্যগুলির ভাষা বাংলা নয়। চর্যাপদের পুথিতে পঞ্চাশটি পদ সঙ্কলিত হয়েছিল। চব্বিশজন কবি পদগুলি রচনা করেছিলেন। কিন্তু পুথিটির কয়েকটি পাতা হারিয়ে গেছে। ফলে তিনটি সম্পূর্ণ পদ ও একটি পদের অংশবিশেষ পাওয়া যায়নি। আমাদের হাতে এসেছে সাড়ে ছেচল্লিশটি পদ। চর্যাপদগুলি রহস্যময় সাঙ্কেতিক ভাষায় লেখা। এজন্য চর্যাপদের ভাষাকে সন্ধ্যাভাষা বলা হয়। কারণ সন্ধ্যাভাষা হচ্ছে রহস্যময় অর্থজ্ঞাপক ভাষা। সন্ধ্যার আলো আঁধারের মত অস্পষ্ট। চর্যাপদের আক্ষরিক অর্থ এক—আর ভিতরের অর্থ অন্য বলেই তা সন্ধ্যাভাষা। সহজযানপন্থী বৌদ্ধসাধকদের ধর্মসাধনার প্রক্রিয়া চর্যাপদসমূহে বিবৃত হয়েছে। তিব্বতী ভাষায় এই বৌদ্ধ সাধকদের বলা হয় সিদ্ধাচার্য। দেহসাধন, ত্রিনাড়ীতত্ত্ব ও মহাসুখ লাভই চর্যাপদের বিষয়বস্তু।

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শনটির নাম কী ? ১

(খ) হরপ্রসাদ শাস্ত্রী কত খ্রিস্টাব্দে কোন জায়গা থেকে চর্যাপদের পুথিটি আবিষ্কার করেন ? ২

(গ) চর্যাপদের পুথিটি কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয় ? গ্রন্থটির প্রকাশক কারা ? ২

(ঘ) চর্যাপদের ভাষাকে কেন সন্ধ্যাভাষা বলা হয় ? ১

(ঙ) চর্যাপদের রচয়িতা বৌদ্ধসাধকদের তিব্বতী ভাষায় কী বলে ? ১

২৯। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা রচনা কর ঃ ৩

বিশ্বজগৎ নিয়মের রাজ, এরকম একটি বাক্য সর্বত্রই শোনা যায়। বিজ্ঞান সম্পৃক্ত যে কোন গ্রন্থ পড়লেই দেখা যাবে — তাতে লেখা আছে, প্রকৃতির রাজ্যে অনিয়মের অস্তিত্ব নেই। ভূতপূর্ব আর্গাইলের ডিউক নিয়মের রাজত্ব সম্পর্কে বৃহৎ একটি গ্রন্থ রচনা করেছেন। মানুষের রাজ্যে আইন আছে এবং সে আইন ভঙ্গ করলে শাস্তিরও বিধান আছে। কিন্তু অনেকেই আইনকে ফাঁকি দিয়ে অব্যাহতি লাভ করেন। কিন্তু প্রকৃতির রাজ্যে যে সকল আইনের বিধান বর্তমান, তার একটিকেও ফাঁকি দেবার উপায় নেই। কাজেই প্রাকৃতিক নিয়মের জয়গান করতে গিয়ে অনেকে পুলকিত হন, ভাবাবেগে আপ্লুত হন।

## Unit : 4 (Writing)

### 'ঘ' গুচ্ছ ঃ (লিখন)

৩০। প্লাস্টিক ক্যারিব্যাগের মাত্রাতিরিক্ত ব্যবহার ব্যাপক হারে পরিবেশ দূষণ ঘটাচ্ছে। এই ক্ষতিকর সামগ্রী ব্যবহার না করার অনুরোধ জানিয়ে তোমার এলাকার বসবাসকারীদের উদ্দেশে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

*অথবা*

ডাঃ কমল সিংহের লেখা জনপ্রিয় মণিপুরী উপন্যাস 'মাধবী' বাংলায় অনূদিত হয়ে প্রকাশিত হয়েছে। বইটি পাওয়া যাচ্ছে ভারতী বুক স্টলে। এই মর্মে একটি বিজ্ঞাপন রচনা কর।

৩১। আন্তঃ মণিপুর স্কুল ফুটবল প্রতিযোগিতায় নবীনচন্দ্র বিদ্যাপীঠকে এক গোলে হারিয়ে গোবিন্দপুর স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। এই মর্মে নিম্নোক্ত তথ্যের সমাহারে একটি প্রতিবেদন রচনা কর।

ফাইন্যাল খেলা অনুষ্ঠিত হয়েছে ৫ এপ্রিল, রবিবার, ইম্ফালে — উত্তেজনাপূর্ণ খেলায় বিজয়ী দল গোল করে দ্বিতীয়ার্ধে। — পুরস্কার বিতরণ করেন মণিপুরের মাননীয় শিক্ষামন্ত্রী। ৩

*অথবা*

ইম্ফালে পাঁচদিনের নাট্যোৎসব অনুষ্ঠিত হয়েছে। নিম্নোক্ত তথ্যের ভিত্তিতে এই উৎসবের একটি বিবরণ লেখ।

উৎসবের তারিখ ৮ থেকে ১২ ফেব্রুয়ারি — নাট্যোৎসব অয়োজন করে মণিপুর সরকারের সংস্কৃতি দপ্তর — উৎসবের উদ্বোধন করেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব রতন থিয়াম — নাট্যচর্চাকে উৎসাহিত করাই এই উৎসবের লক্ষ্য।

৩২। অরণ্য ধ্বংসের ফলে মানবসভ্যতা বিপর্যয়ের সম্মুখীন হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে অরণ্যসম্পদ রক্ষা ও বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা বর্ণনা করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি চিঠি লেখ। (চিঠিতে নিজের নামের জায়গায় লিখবে — 'ক'।) ৮

৩৩। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) বিজ্ঞানের জয়যাত্রা ও মানবসভ্যতা।

(খ) নিরক্ষরতা দূরীকরণে ছাত্রছাত্রীদের ভূমিকা।

(গ) বইপড়ার উপযোগিতা।

(ঙ) মণিপুরের প্রাকৃতিক সৌন্দর্য।

## Unit : 5 (Functional Grammar)

## 'ঙ' গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। সমাসে একাধিক পদ মিলিত হয়ে যে একটি পদ গঠিত হয় — তাকে কী বলে ? ১

৩৫। যে সমাসে পূর্বপদ পরপদের বিশেষণরূপে অবস্থান করে এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয় — তাকে কী সমাস বলে ? ১

৩৬। শূল পাণিতে যার = শূলপাণি। — কোন সমাস ? ১

৩৭। কৃৎ-প্রত্যয় কাকে বলে ? ১

৩৮। বাংলা তদ্ধিত প্রত্যয়ের একটি উদাহরণ দাও। ১

৩৯। অশুদ্ধি সংশোধন কর ঃ ১+১+১=৩

অগ্রহায়ন, নিমিলিত, ভৌগলিক।

৪০। কারক বিভক্তি নির্ণয় কর ঃ ১+১=২

আমি <u>ভুতকে</u> ভয় পাই না।

হৃদয় আমার নাচেরে <u>আজিকে</u>।

---